দৈনিক বাংলা

তারিখ ... 18 JAN 1996 ...
পৃষ্ঠা ৬ কলাম ৭

# ঢাকা ভার্সিটি হল ছাত্রীদের প্রতিবাদ সমাবেশ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রী হলের গেট রাত ৯টা পর্যন্ত খুলে রাখার সিদ্ধান্তের কিছু রদবদল করায় গত দু'দিন বিশ্ববিদ্যালয়ের রোকেয়া ও কুয়েত মৈত্রী হলের ছাত্রীরা পৃথক প্রতিবাদ সমাবেশ করে।

বুধবার সমাবেশের পর ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির অফিসে এসে ছাত্রীরা জানান, গত ৩১ ডিসেম্বর সিন্ডিকেটে হলগেট ৯টার পরিবর্তে শীতকালের জন্য রাত ৮টা এবং গ্রীষ্মকালের জন্য ৭টা করা হয়। আরও কয়েকটি নতুন নিয়ম আরোপ করা হয়েছে, যা ছাত্রীদের আগের দাবীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। তারা অবিলম্বে সিন্ডিকেট আরোপিত নতুন নিয়মগুলি প্রত্যাহারের দাবী জানান।

এই দাবীতে ছাত্রীরা আজ বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের সঙ্গে দেখা করবে বলে জানান।